# নির্বাচন ব্যবস্থা সংস্কার বিষয়ে জাতীয় জনমত জরিপ

## (National Public Opinion Survey on Electoral Reforms)

**পটভূমিঃ** নির্বাচন ব্যবস্থা একটি গণতান্ত্রিক রাষ্ট্রের মৌলিক স্তম্ভ, যা জনগণের মতামত প্রকাশ ও নেতৃত্ব নির্বাচন করার সুযোগ প্রদান করে। এটি গণতন্ত্র প্রতিষ্ঠা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং আইনের শাসন নিশ্চিত করে। নির্বাচনের মাধ্যমে জনগণ শান্তিপূর্ণ উপায়ে ক্ষমতা পরিবর্তন করতে পারে এবং রাষ্ট্রে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় থাকে। এ ব্যবস্থায় প্রত্যেক নাগরিকের ভোটের মূল্য সমান হওয়ায় সমাজে সমতা ও ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়। পাশাপাশি যোগ্য নেতৃত্ব নির্বাচিত হওয়ার ফলে দেশের উন্নয়ন ত্বরান্বিত হয়। সর্বোপরি, নির্বাচন ব্যবস্থা একটি দেশের সুশাসন, শান্তি ও অগ্রগতির জন্য অপরিহার্য। এই নির্বাচন ব্যবস্থার স্বাধীনতা নিশ্চিত করে দেশে জনপ্রতিনিধিত্বশীল ও কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠা, জনস্বার্থ রক্ষা এবং সুশাসন প্রতিষ্ঠার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক 'নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন' গঠন করা হয়েছে। নির্বাচন ব্যবস্থা সংস্কার সংক্রান্ত রাষ্ট্রীয় উক্ত গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত নাগরিকদের মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে উক্ত কমিশনের অনুরোধে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ২০-২২ ডিসেম্বর ২০২৪ খ্রি. 'নির্বাচন ব্যবস্থা সংস্কার বিষয়ে জাতীয় জনমত জরিপ' পরিচালনা করা হবে।

### জরিপের উদ্দেশ্যঃ

- নির্বাচন ব্যবস্থা সংস্কারের সুপারিশ তৈরির লক্ষ্যে সাধারণ নাগরিকদের মতামত গ্রহণের উদ্দেশ্যে জরিপ পরিচালনা করা;
- বৈজ্ঞানিকভাবে স্বীকৃত পরিসংখ্যানিক পদ্ধতির মাধ্যমে সারা দেশ হতে প্রতিনিধিত্বশীল খানা চিহ্নিত করে নির্বাচন ব্যবস্থা সংস্কার করার বিষয়ে মতামত সংগ্রহ করা; এবং
- নির্বাচন ব্যবস্থা সংস্কারের সুপারিশ তৈরির লক্ষ্যে জরিপ হতে প্রাপ্ত জনমত সংক্রান্ত ফলাফল কমিশনকে প্রদান করা।

### জরিপের পরিধিঃ

দেশের ৬৪ জেলার প্রতিটি জেলা হতে পরিসংখ্যানিক পদ্ধতি অনুসরণপূর্বক Integrated Multipurpose Sample (IMPS) হতে সাব স্যাম্পল-নমুনা এলাকা বা Primary Sampling Unit (PSU) নির্বাচন করা হয়েছে। প্রতি জেলা হতে ৩০টি করে মোট ১৯২০টি নমুনা এলাকা বা Primary Sampling Unit (PSU) দৈবচয়ন পদ্ধতিতে নির্ধারণ করা হয়েছে। প্রতিটি নমুনা এলাকা বা PSU হতে নমুনায়ন পদ্ধতিতে নির্বাচিত ২৪টি খানায় তথ্য সংগ্রহ করা হবে। সমগ্র বাংলাদেশে ৪৬,০৮০ টি খানা নির্বাচন করে নির্বাচিত প্রতিটি খানা হতে ১৮ বা তার অধিক বছর বয়সী সকল পুরুষ ও মহিলা সদস্যের মধ্য থেকে Kish Selection of H.H member পদ্ধতিতে নির্বাচিত একজনের নিকট হতে জরিপের তথ্য সংগ্রহ করা হবে।

## মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ : ২০-২২ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ পদ্ধতি:**

Computer Assisted Personal Interviewing (CAPI) Technology ব্যবহার করে Face to Face Interview পদ্ধতিতে নির্ধারিত প্রশ্নপত্রের মাধ্যমে নির্বাচিত প্রতিটি খানার তথ্য সংগ্রহ করা হবে

**প্রয়োজনে যোগাযোগ:**

| | | | |
|---|---|---|---|
| জনাব মো: আরিফুল ইসলাম<br>যুগ্মপরিচালক, ঢাকা বিভাগ<br>০১৭১২৬৪২৩২৬ | জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান<br>যুগ্মপরিচালক (অ.দা), চট্টগ্রাম বিভাগ<br>০১৯১১৫৮৩৪৭৫ | জনাব মোঃ আক্তার হোসেন<br>যুগ্মপরিচালক, খুলনা বিভাগ<br>০১৭১০১৯৮১৯৩ | জনাব মোঃ আব্দুল হালিম<br>যুগ্মপরিচালক, রাজশাহী বিভাগ<br>০১৭১৭২৫০৫৪৯ |
| জনাব মোঃ শহীদুল ইসলাম<br>যুগ্মপরিচালক, বরিশাল বিভাগ<br>০১৭৮৯৪২৩৪৮৩ | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>যুগ্মপরিচালক, রংপুর বিভাগ<br>০১৭১১১১০৬৫০ | জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার<br>যুগ্মপরিচালক (অ.দা), সিলেট বিভাগ<br>০১৭১১৭৩৬৯০৮ | জনাব মো: মাহমুদুজ্জামান<br>যুগ্মপরিচালক, ময়মনসিংহ বিভাগ<br>০১৭২০৪৩৩৪২৩ |

প্রচারে: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
ওয়েবসাইট: www.bbs.gov.bd, ই-মেইল: dg@bbs.gov.bd, ফোন: ০২-৫৫০০৭০৫৬